

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩

১. মুকাদ্দিমাহ (المقدمة)

পরিচ্ছেদঃ ৩য় ভাগ

فَصْلٌ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحَسَنِ بْنِ عَبْدِ الْجَبَّارِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الرَّومِيِّ قَالَ: حَدَّثَنَا النَّضْرُ بْنُ مُحَمَّدٍ قَالَ: حَدَّثَنَا عِكْرِمَةُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنِي أَبُو النَّجَّاشِيِّ قَالَ: حَدَّثَنِي رَافِعُ بْنُ خَدِيجٍ قَالَ: قَدِمَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ وَهُمْ يُؤَيِّرُونَ النَّخْلَ - يَقُولُ يُلَقِّحُونَ - قَالَ: فَقَالَ:

مَا تَصْنَعُونَ؟ فَقَالُوا: شَيْئًا كَانُوا يَصْنَعُونَهُ فَقَالَ لَوْ لَمْ تَفْعَلُوا كَانَ خَيْرًا فَتَرَكُوهَا فَتَرَكْتُ أَوْ نَقَصْتُ فَذَكَّرُوا ذَلِكَ لَهُ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:

((إِنَّمَا أَنَا بَشَرٌ إِذَا حَدَّثْتُكُمْ بِشَيْءٍ مِنْ أَمْرِ دِينِكُمْ فَخُذُوا بِهِ وَإِذَا [ص: 157] حَدَّثْتُكُمْ بِشَيْءٍ مِنْ دُنْيَاكُمْ فَإِنَّمَا أَنَا بَشَرٌ))

□ □ □ □ □

قال عكرمة: هذا أو نحوه

[تعليق الشيخ الألباني]

حسن صحيح - ((الصحيحة)) - أيضاً - : م.

أَبُو النَّجَّاشِيِّ - مَوْلَى رَافِعٍ - اسْمُهُ عَطَاءُ بْنُ صُهَيْبٍ: قَالَهُ الشَّيْخُ

الحديث: 23 | الجزء: 1 | الصفحة: 156

ذَكَرُ الْبَيَّانِ بَأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (فَمَا أَمَرْتُكُمْ بِشَيْءٍ فَأَتُوا مِنْهُ مَا اسْتَطَعْتُمْ) أَرَادَ بِهِ: مَا أَمَرْتُكُمْ بِشَيْءٍ مِنْ أَمْرِ الدِّينِ لَا مِنْ أَمْرِ الدُّنْيَا

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বানী: “যখন আমি কোন বিষয়ে তোমাদের নির্দেশ দিই, তখন তোমরা সাধ্যমত তা পালন কর – এর দ্বারা উদ্দেশ্য হলো, আমি তোমাদের দ্বীনি বিষয়ে যে আদেশ দিই, দুনিয়ার বিষয়ে নয়- এ সংক্রান্ত বর্ণনা:

২৩. রাফি ইবনু খাদীজ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মদীনাতে আগমন করলেন, তখন লোকেরা খেজুর গাছের পরাগায়ন করছিল (নর খেজুর গাছের কেশর মাদী খেজুর গাছের কেশরের সাথে সংযোগ করছিল)। বর্ণনাকারী বলেন, তখন জিজ্ঞেস করেনঃ তারা কী করছে? সাহাবীগণ উত্তরে তারা যা করছিল, তা বললেন। তখন তিনি বলেনঃ তার একরূপ না করলেই ভালো হতো। অতএব তারা উক্ত প্রক্রিয়া ত্যাগ করলো। এতে খেজুর ঝরে পড়লো, বা উৎপাদন কমে গেল। তারা বিষয়টি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জানালে তিনি বলেনঃ নিশ্চয়ই আমি তোমাদের মত একজন মানুষ মাত্র। যখন তোমাদের দ্বীনের কোন বিষয়ে কোন কিছু বলি, তোমরা সেটা অবলম্বন করবে, আর যখন তোমাদের দুনিয়ার কোন বিষয়ে কোন কিছু বলি, তখন (এ বিষয়ে) আমি তোমাদের মতই একজন মানুষ মাত্র।”[1]

(এর একজন বর্ণনাকারী) ইকরিমাহ বলেন, একথা অথবা এর অনুরূপ (বলেছেন)।

শাইখ (ইবনু হিব্বান) বলেন, (একজন বর্ণনাকারী) আবু নাজ্জাশী হলেন রাফি’ মুক্ত দাস, যার নাম আতা ইবনু সুহাইব।

English

Rāfi‘ b. Khadīj

When the Prophet ﷺ arrived in Madinah, the people were pollinating the date palms. The narrator said: At that time, he asked: What are you doing? They said: We are grafting them, whereupon he said: It may perhaps be good for you if you do not do that, so they abandoned this practice (and the date-palms) began to yield less fruit. They made a mention of it (to the Holy Prophet), whereupon he said: I am a human being, so when I command you about a thing pertaining to religion, do accept it, and when I command you about a thing out of my personal opinion, keep it in mind that I am a human being. 'Ikrima reported that he said something like this. (Using translation

from Muslim 2362)

ফুটনোট

[1] আলবানী: হাসান সহীহ।

আরনাউত্ব: হাসান।

তাখরীজ: মুসলিম, ২৩৬২। বিস্তারিত গত হাদীস দুটিতে দেখুন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86921>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন